

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট (১১ তলা)
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

স্মারক নংঃ ৫৯.১১.০০০০.৪৫৫.১১.০০২.২২. ১৩৬৬

তারিখঃ ০৯/০৬/২০২২ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের উদ্যোগে এবং ইউএনএফপিএ-এর অর্থায়নে নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাব) নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে সাদা কাগজে বাংলায় দরখাস্ত আশ্রান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও সাকুল্যে বেতন	পদের সংখ্যা	কর্মস্থল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাব) সর্বসাকুল্যে বেতন (ভ্যাট ও ট্যাক্সসহ) =৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা)	সর্বমোট ০৫ টি	গাইবান্ধা, পাবনা, নেত্রকোনা, নরসিংদী ও চাঁদপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্র ,প্রতিটি কেন্দ্রে ০১ (এক) জন করে।	ক) সরকার কর্তৃক স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিক্যাল টেকনোলজি (ল্যাব) বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী। খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই আগামী ২০ জুন ২০২২ খ্রিঃ তারিখ বিকাল ২.৩০ ঘটিকার মধ্যে আনুষঙ্গিক সকল কাগজপত্র স্ক্যান করে পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) মহোদয় বরাবরে ই-মেইলে (email-mchjob.labtech@gmail.com) আবেদন করতে হবে
- ১০ জুন, ২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ১৮ বছর থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদন পত্রে স্পষ্টাক্ষরে বাংলায় প্রার্থীর (ক) নিজ নাম, (খ) পিতার নাম, (গ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) মাতার নাম, (ঙ) বর্তমান ঠিকানা-গ্রাম-মহল্লা, ডাকঘর, ডাকঘরের পোস্ট কোড নং, উপজেলা, জেলা, (চ) স্থায়ী ঠিকানা: গ্রাম-মহল্লা, ডাকঘর, ডাকঘরের পোস্ট কোড নং, উপজেলা, জেলা, (ছ) বয়স (জ) শিক্ষাগত যোগ্যতা, (ঝ) জাতীয়তা, (ঞ) জন্ম তারিখ, (ট) ধর্ম, (ঠ) অভিজ্ঞতা, (ড) বৈবাহিক অবস্থা ও সন্তান সংখ্যা(প্রযোজ্য ক্ষেত্রে), (ঢ) ই-মেইল ঠিকানা, (ণ) মোবাইল নাম্বার, (ত) জাতীয় পরিচয় পত্রের নাম্বার (থ) স্বাক্ষর অবশ্যই করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের স্ক্যানড কপি যুক্ত করতে হবেঃ
(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্যক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি), (খ) আবেদনপত্রের সাথে প্রার্থীর স্টুডিওতে তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ পিক্সেল x প্রস্থ ৩০০ পিক্সেল), (গ) আবেদন পত্রের সাথে প্রার্থীর নাগরিকত্বের সনদপত্র (যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত)-এর সত্যায়িত কপি (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- Admit Card শুধুমাত্র প্রার্থী কর্তৃক প্রদত্ত ই-মেইলে (e-mail) প্রেরণ করা হবে এবং Admit Card এর printed কপি ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল প্রকার সনদের মূল কপি আনতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার যাতায়াত/আপায়ন ভাতা প্রদান করা হবে না।
- প্রাথমিকভাবে এই নিয়োগ আগামী জুলাই-ডিসেম্বর/২০২২ খ্রিঃ পর্যন্ত প্রযোজ্য হবে। উক্ত সময়ের পরে ফান্ড প্রাপ্তি স্বাপেক্ষে চাকুরীর সময়সীমা বর্ধিত করা হবে।
- কোনরূপ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


০৯/০৬/২০২২
(ডাঃ মোঃ মাহমুদুর রহমান)

পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও
লাইন ডাইরেক্টর (এমসিআরএইচ)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোনঃ ০২-৫৫০১২৩৫৮ (অফিস)